# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৫.৪৬.০০৬.১৭- ৬৩৪ তারিখঃ ২৬-১১-২০২৫ খ্রি.

**বিষয়ঃ অসত্য তথ্য প্রদান, প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর উপপরিচালক (অর্থ ও হিসাব) পদে চাকুরি গ্রহণ করায় জনাব সেখ রাসেল, উপপরিচালক (অর্থ ও হিসাব) (সাময়িক বরখাস্ত) কে উক্ত পদ থেকে চূড়ান্তভাবে বরখাস্তকরণ।**

উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি সেখ রাসেল, উপপরিচালক (অর্থ ও হিসাব) (সাময়িক বরখাস্ত), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সংযুক্তি নদী কেন্দ্র, চাঁদপুর; বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন, ঢাকায় সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা পদে চাকুরিকালীন অত্র ইনস্টিটিউটের স্মারক নং- ৩৩.০৪.০০০০.১০৫.০৩.০০২.১৫-১০৯২০; তারিখঃ ১৪-০৮-২০১৬ ইং এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উপপরিচালক (অর্থ ও হিসাব) পদে চাকুরীর জন্য অগ্রায়নপত্রসহ আবেদন করেন। অত:পর নিয়োগ পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ হলে ইনস্টিটিউটের উপপরিচালক (অর্থ ও হিসাব) পদে ইনস্টিটিউটের পত্র নং ৩৩.০৪.০০০০.১০৫.০৩.০০২.২০১৫-৮৪৬; তারিখঃ ০৪-০৬-২০১৭ ইং স্মারকের মাধ্যমে আপনাকে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে আপনি বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর স্মারক নং ৩৬.৯৩.০০০০.০১৬.০৩-৪৯৫; তারিখ: ১২-০৬-২০১৭ ইং এর মাধ্যমে ছাড়পত্র নিয়ে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের উপপরিচালক (অর্থ ও হিসাব) পদে যোগদান করেন।

অতঃপর বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন হতে তাদের পাওনা টাকা আদায়ের জন্য গত ১২-০৩-২০২৫ ইং তারিখে মহামান্য জজকোর্ট, ঢাকায় আপনার বিরুদ্ধে মানিস্যুট মামলা দায়ের করা হয় এবং অত্র ইনস্টিটিউটের মহাপরিচালককে ২নং বিবাদী করা হয়। মামলায় আপনি বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন এর অনুমতি এবং ছাড়পত্র ভিন্ন অত্র ইনস্টিটিউটে চাকুরী করছেন মর্মে উল্লেখ করা হয়। বিষয়টি ইনস্টিটিউটের গোচরীভূত হলে এর সত্যতা যাচাইয়ের জন্য বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনকে ইনস্টিটিউট থেকে ডি-নথির মাধ্যমে পত্র দেয়া হয়। উত্তরে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্তৃক ডি-নথির মাধ্যমে জানানো হয় যে, আপনার উপপরিচালক (অর্থ ও হিসাব) পদে চাকুরি গ্রহণের সময় চাকুরির আবেদনপত্র অগ্রায়ন এবং চাকুরি হতে ছাড়পত্র প্রদানের কোনরুপ পত্র করপোরেশন কর্তৃক জারী করা হয়নি। তাছাড়া এতদ্ সংক্রান্ত অন্য কোন পত্রাদিও করপোরেশন কর্তৃক জারী করা হয়নি। এ প্রেক্ষিতে, অসত্য তথ্য প্রদান, প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে ইনস্টিটিউটের আলোচ্য পদে চাকুরী গ্রহণ করায় স্মারক নং ৩৩.০৪.০০০০.০০০.১০৫.০২.০০৩২.২৫.১৯৬; তারিখ : ১৯-১০-২০২৫ ইং মূলে আপনাকে কারণ দর্শানো হয় কিন্তু আপনি এর কোন জবাব প্রদান করেননি। এতে ইনস্টিটিউটের নিকট প্রতীয়মান হয় যে, উপপরিচালক (অর্থ ও হিসাব) পদে চাকুরী গ্রহণের সময় আপনার প্রদত্ত চাকুরীর আবেদনের অগ্রায়নপত্র এবং চাকুরি হতে ছাড়পত্র সঠিক ছিল না এবং এক্ষেত্রে আপনি প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়েছেন। উল্লেখ্য, ইনস্টিটিউটের নিয়োগ পত্রের ১৩ নং শর্তে "চাকুরীতে যোগদানের পর তাঁর চাকুরীর আবেদন পত্রে প্রদত্ত তথ্য মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে তাঁকে বিনা নোটিশে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইনে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে" এবং নিয়োগ বিজ্ঞপ্তির ৯নং শর্তে "উপরের শর্তাবলীর ব্যত্যয় ঘটিয়ে (যেমন-ভুয়া ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, বয়স, ভুয়া মুক্তিযোদ্ধা সনদপত্র দাখিল ইত্যাদি) কেহ চাকুরীর জন্য নির্বাচিত হওয়ার পরেও তথ্য মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে তাঁকে বিনা নোটিশে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইনে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে" মর্মে উল্লেখ আছে। এ প্রেক্ষিতে প্রতারণা ও জালিয়াতির বিষয়টি গত ০৩-১১-২০২৫ ইং তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনস্টিটিউটের সর্বোচ্চ নীতি নির্ধারণী ফোরাম বোর্ড অব গভর্নরস এর ৪৪তম সভায় উপস্থাপন করা হলে সভায় নিয়োগ পত্রের ১৩ নং শর্ত ও নিয়োগ বিজ্ঞপ্তির ৯ নং শর্ত মোতাবেক আপনার নিয়োগপত্র বাতিল ও আপনাকে চাকুরীচ্যুত করার এবং আপনার অনুকূলে পরিশোধিত বেতন ভাতাদি আদায়ে আইনানুগ ব্যবস্থা ও ফৌজদারি মামলা দায়েরের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, ইনস্টিটিউটের বোর্ড অব গভর্নরস এর সিদ্ধান্ত, ইনস্টিটিউটের নিয়োগ পত্রের ১৩ নং এবং নিয়োগ বিজ্ঞপ্তির ৯ নং শর্ত মোতাবেক ইনস্টিটিউটের উপপরিচালক (অর্থ ও হিসাব) পদের নিয়োগপত্র বাতিলসহ আপনাকে ইনস্টিটিউটের উপপরিচালক (অর্থ ও হিসাব) পদের চাকুরি থেকে বরখাস্ত করা হলো।

২৬/১১/২৫

(ড. অনুরাধা ভদ্র)
মহাপরিচালক (সাময়িক দায়িত্ব)

জনাব সেখ রাসেল
পিতার নামঃ সেখ সদর উদ্দিন, মাতার নামঃ রেহানা পারভিন
গ্রামঃ ভালুকা, ডাকঘরঃ ভালুকা চৌরঙ্গী বাজার, পোস্ট কোড নং-৭০১০
উপজেলাঃ কুমারখালী, জেলাঃ কুষ্টিয়া
ই-মেইল: friends93rasel@gmail.com
মোবাইল নম্বর: ০১৭০৪-৭৪২২৮৮

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৫. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা।

৬. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, নদী কেন্দ্র, চাঁদপুর।

৭. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ।

৮. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট।

৯. সিস্টেম এনালিষ্ট, আইসিটি বিভাগ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।

১০. উপপরিচালক (হিসাব শাখা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

১১. নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

১২. কেন্দ্র প্রধান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার।

১৩. উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, স্বাদুপানি উপকেন্দ্র, চাঁচড়া, যশোর।

১৪. উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, প্লাবনভূমি উপকেন্দ্র, সান্তাহার, বগুড়া।

১৫. উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, নদী উপকেন্দ্র, খেপুপাড়া, পটুয়াখালী।

১৬. উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, স্বাদুপানি উপকেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী।

১৭. উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, নদী উপকেন্দ্র, রাঙ্গামাটি।

১৮. মাষ্টার নথি/নথি।

২৬/১১/২০২৫

(মোঃ আজিজুল হক)
উপপরিচালক (চ.দা.)